রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/১৮ নভেম্বর, ২০২৪

**এস.আর.ও. নম্বর ৩৯১-আইন/২০২৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গণমাধ্যমকে স্বাধীন, শক্তিশালী ও বস্তুনিষ্ঠ করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে ‘গণমাধ্যম সংস্কার কমিশন’ নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **গণমাধ্যম সংস্কার কমিশন**

| | | |
|---|---|---|
| ১) | জনাব কামাল আহমেদ, সাংবাদিক | - কমিশন প্রধান |
| ২) | অধ্যাপক গীতিআরা নাসরীন<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | - সদস্য |
| ৩) | জনাব শামসুল হক জাহিদ<br>সম্পাদক, দ্য ফিন্যানসিয়াল এক্সপ্রেস ও প্রতিনিধি, সম্পাদক পরিষদ | - সদস্য |
| ৪) | জনাব আখতার হোসেন খান<br>সচিব, নিউজ পেপার ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (নোয়াব) | - সদস্য |
| ৫) | প্রতিনিধি, অ্যাসোসিয়েশন অব টেলিভিশন ওনার্স (অ্যাটকো) | - সদস্য |
| ৬) | সৈয়দ আবদাল আহমেদ<br>সাবেক সাধারণ সম্পাদক, জাতীয় প্রেস ক্লাব | - সদস্য |


মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৭) | জনাব ফাহিম আহমেদ<br>প্রধান নির্বাহী কর্মকর্তা, যমুনা টেলিভিশন ও ট্রাস্টি,<br>ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার | - সদস্য |
| ৮) | জনাব জিমি আমির<br>সাংবাদিক ও আহ্বায়ক, মিডিয়া সাপোর্ট নেটওয়ার্ক | - সদস্য |
| ৯) | জনাব মোস্তফা সবুজ<br>বগুড়া জেলা প্রতিনিধি, দ্য ডেইলী স্টার | - সদস্য |
| ১০) | জনাব টিটু দত্ত গুপ্ত<br>ডেপুটি এডিটর, দ্য বিজনেস স্ট্যান্ডার্ড | - সদস্য |
| ১১) | জনাব আব্দুল্লাহ আল মামুন, শিক্ষার্থী প্রতিনিধি | - সদস্য। |

(খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং

(ছ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd